

প্রিয় বাবা-মা/কেয়ারার,

আমি আপনাকে Goldfinch এর Place2Be, একটি জাতীয় দাতব্য প্রতিষ্ঠানের এর সঙ্গে কাজ করবার ব্যাপারে জানাবার জন্য লিখছি, যেটি শিশু এবং অল্পবয়স্কদের আত্মবিশ্বাস ও সুস্থতাকে উন্নত করার জন্য স্কুলকে সহায়তা দিয়ে থাকে।

Place2Be প্রতিবছর দেশজুড়ে 250 টিরও বেশি স্কুলে শিক্ষার্থী, পরিবার এবং কর্মীদের মানসিক ও থেরাপিউটিক চিকিৎসা সহায়তা দিয়ে থাকে।

এটা শিক্ষার্থীদের এমন একটি জায়গা দিয়ে থাকে যেখানে তারা কথোপকথন এবং সৃজনশীল কাজের মাধ্যমে নিজেদের প্রকাশ করতে, এবং তাদের কোন উদ্বেগ থাকলে সেই সম্পর্কে চিন্তা করতে পারে। এছাড়াও Place2Be বাবা-মা এবং কর্মীদের জন্যেও সহায়তা দিয়ে থাকে। আপনাকে Place2Be এবং এর কাজ সম্পর্কে আরও বেশি জানাবার জন্য এখানে কিছু তথ্য সংযুক্ত করে দেওয়া হল।

Place2Talk এই পরিষেবাটির সর্বাধিক জনপ্রিয় দিকটি 'Place2Talk' নামে পরিচিত। এটি সকল শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত, আর হয় তারা নিজে নিজে বা কোন একজন বন্ধুকে সাথে করে, একজন প্রশিক্ষিত কাউন্সেলর-এর সঙ্গে 15 মিনিট সময় কাটাবার জন্য অ্যাপয়েন্টমেন্ট করতে পারে। গড়ে, প্রতি বছর Place2Be এর স্কুলগুলোর শিক্ষার্থীদের এক-তৃতীয়াংশ এই পরিষেবাটির সুবিধা নিয়ে থাকে। শিক্ষার্থীরা প্রায়শই বন্ধুত্ব বা তাদের কোন উদ্বেগ থেকে থাকলে সেই সম্পর্কে কথা বলে।

Place2Be আপনার সন্তানের নাম, জন্ম তারিখ, ইয়ার গ্রুপ, লিঙ্গ, জাতিসত্তা, আলোচনার বিস্তৃত বিষয় এবং অধিবেশনের ফলাফল হিসাবে কোন পদক্ষেপ নেওয়া হলে সেগুলো নথিভুক্ত করবে। এই তথ্য সুরক্ষিতভাবে সংরক্ষণ করা হয়। Place2Be এর পরিষেবার মূল্যায়ন এবং আমাদের কাজকে উন্নত করার জন্য এটি কী (key) কোড ফর্মে ব্যবহার করা হয়। এই সম্পর্কে আরও অধিক তথ্যের জন্য, অনুগ্রহ করে এই চিঠির শেষে দেওয়া, আলাদা তথ্যপত্রটি দেখুন।

Place2Talk এ অংশগ্রহণ করার জন্য বাবা-মায়ের চুক্তি আমরা আপনার কাছ থেকে অন্য কিছু না শুনলে, স্কুল এবং Place2Be ধরে নেবে যে আপনার শিশুর Place2Talk এ আসার ব্যাপারে বাবা-মা/কেয়ারারের অনুমতি রয়েছে।

আরও বেশি কিছু জানতে চাইলে, বা আপনার সন্তানের এই পরিষেবাটি ব্যবহার না করাকে পছন্দ করলে, সেক্ষেত্রে অনুগ্রহ করে Catriona Ross এর (Place2Be স্কুল প্রজেক্ট ম্যানেজার) 0208 773 7455 এর সাথে যোগাযোগ করুন, যিনি খুশি মনেই যে কোন প্রশ্নের উত্তর দেবেন।

E. Haston



Mrs Emilie Haston, Head Teacher

আমি চাই না আমার সন্তান Place2Talk-এ অংশগ্রহণ করুক।

শিশু/অল্পবয়স্কের নাম..... শ্রেণী/ফর্ম

বাবা-মা/কেয়ারারের নাম

স্বাক্ষর:..... তারিখ:



DUNRAVEN EDUCATIONAL TRUST



SHARING EXCELLENCE PARTNERSHIP